

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা  
www.mofl.gov.bd

## প্রজ্ঞাপন

নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১০৮.১১.০০৩৭.২৫-১১৪০

তারিখ: ২১ কার্তিক ১৪৩২  
০৬ নভেম্বর ২০২৫

সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ (এস.আর.ও. নম্বর-৪২-আইন/২০১৯) অনুযায়ী এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২১.০৭.২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৮.২০২৫-১৩৩ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীর নামের পার্শ্বে বর্ণিত পদে ও বেতনস্কেলে নিয়োক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর	নাম, পিতা ও মাতার নাম	নিজ জেলা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী)
০১	০০০০৯২	মিজ সোহানা পারভীন পিতা: নুরুল আমিন মাতা: হোসনে আরা বেগম	দিনাজপুর	প্রোগ্রামার	৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)


## নিয়োগের শর্তাবলী

- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিসকাল আরও ০২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবে; শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে।
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তার নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন বাতিল হবে।
- চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।
- চাকরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক গ্রহণ কিংবা প্রদান করবেন না।
- সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঞ্জীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।



- (ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে।
- (ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- (ট) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- ০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৯.১১.২০২৫ তারিখের মধ্যে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
সৈয়দা সাদিয়া নূরীয়া  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ২২৩৩৮১১১৭


ই-মেইল: administration-2@mofl.gov.bd

নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১০৮.১১.০০৩৭.২৫-১১৪০

তারিখ: ২১ কার্তিক ১৪৩২  
০৬ নভেম্বর ২০২৫

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ৫। উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। মিঞ্জ সোহানা পারভীন, পিতা: নুরুল আমিন, মাতা: হোসনে আরা বেগম, বাড়ী নং: ৫৭, রোড নং: ০২, মহল্লা: পূর্ব বাবুখাঁ, ডাকঘর: বাবুখাঁ, ওয়ার্ড নং: ২২, উপজেলা: রংপুর সদর, জেলা: রংপুর।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন/সমন্বয় ও আইসিটি/প্রাণিসম্পদ/মৎস্য/বাজেট ও নিরীক্ষা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। যুগ্মসচিব (পারিকল্পনা/ব্লু-ইকোনমি অনুবিভাগ/আন্তর্জাতিক সংস্থা এবং সহযোগিতা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।

  
সৈয়দা সাদিয়া নূরীয়া  
সিনিয়র সহকারী সচিব